

অনলাইন আবেদনে ফের জটিলতা

উচ্চ মাধ্যমিকে ভর্তি

নিজস্ব প্রতিবেদক

০৪ জুন ২০২৪, ১২:০০ এএম



চলতি বছর একাদশ শ্রেণিতে ভর্তি নিয়ে ফের জটিলতায় পড়েছেন শিক্ষার্থীরা। প্রথম দফায় টেকনিক্যাল ট্রফটির পর এখন পিন নম্বর নিয়ে বিড়ম্বনার শিকার হচ্ছেন তারা। শিক্ষা বোর্ডের দাবি, গ্রামীণফোনের নেটওয়ার্ক-জনিত সমস্যার কারণে এ বিড়ম্বনার সৃষ্টি হয়েছে। এর আগে গত শুক্রবার থেকে পিন নম্বর পাওয়া নিয়ে ভোগান্তিতে পড়েন শিক্ষার্থীরা। তাদের দাবি, আবেদন সাবমিট করার পর মোবাইলে কোনো পিন নম্বর আসছে না। এতে তারা আবেদন সম্পন্ন করতে পারছেন না।

আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার গতকাল রবিবার বলেন, গ্রামীণফোনের নেটওয়ার্ক সমস্যার কারণে শিক্ষার্থীদের মোবাইলে এসএমএস যাচ্ছিল না। তবে আমরা সেটি সমাধান করেছি। নতুন একটি অপারেটরের মাধ্যমে শিক্ষার্থীদের পিন নম্বর পাঠানো হচ্ছে।

তিনি বলেন, যেসব শিক্ষার্থী এখনো পিন নম্বর পাননি, তাদের রোল-রেজিস্ট্রেশন এবং আবেদনের সময় দেওয়া মোবাইল নম্বরসহ শিক্ষা বোর্ডে যোগাযোগ করতে হবে।

গত ২৬ মে সকাল ৯টা থেকে অনলাইনে কলেজে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হওয়ার কথা ছিল। তবে সার্ভার জটিলতার কারণে একদিন পর ২৭ মে থেকে আবেদন শুরু হয়। গত বৃহস্পতিবার পর্যন্ত প্রায় সাড়ে ৫ লাখ শিক্ষার্থী অনলাইনে ভর্তির আবেদন করেছেন।